শেখ হাসিনার উদ্যোগ

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মেহেরপুর-৭১০০।

মোবাইল নং - ০১৭৬৯- ৪০০০৪৮, ফোন নং- ০২-৪৭৭৭৯২৩৮২, ০২-৪৭৭৭৯২৩২৫ ই-মেইল নং- gmmpbs@gmail.com, www.pbs.meherpur.gov.bd

স্মারক নং- ২৭.১২.৫৭৮৭.৫৩০.০২.০০৮.২৩. ৩৯৯৩

তারিখ ঃ- ০৯ সেপ্টেম্বর'২০২৩ খ্রিষ্টাব্দ।
২৫ ভদ্র'১৪৩০ বঙ্গাব্দ।

"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী অভিজ্ঞতা সম্পন্ন প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	১৩ জন	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল-১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ সহ নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা সহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	০১। **বয়সসীমা ঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (**২৪/০৯/২০২৩** খ্রিঃ)। সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়। ০২। **অভিজ্ঞতা ঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ০৩। **অন্যান্য যোগ্যতা ঃ** (ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় অর্থ্যাৎ যোগ, বিয়োগ, গুণ ও ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা থাকতে হবে।

শর্তাবলী ঃ

০১ **আবেদনপত্র পূরণ ও জমাদান ঃ** মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (www. pbs.meherpur.gov.bd) হতে (ফরম নং- পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউন লোড পূর্বক নিজ হাতে পূরণ করে **আগামী ২৪/০৯/২০২৩** খ্রিঃ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপ করা কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২ **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে ঃ**

(ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি।

(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ক্ষেত্রে ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্রের সত্যায়িত কপি।

(ঙ) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।

(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে। যা এজিএম (প্রশাসন/এইচ আর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে। অভিজ্ঞতা সনদ পত্রে প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্ট ভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন অথবা করছেন) উল্লেখ করতে হবে।

০৩ ।

অন্যান্য শর্তাবলী ঃ

(ক) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে নিরাপত্তা জামানত হিসাবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে, যাহা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) নির্বাচিত প্রার্থীদেরকে প্রাথমিক ভাবে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে নিয়োগ দেয়া হবে। তবে বাপবিবোর্ড এর নির্দেশনা মোতাবেক প্রার্থীর চাকুরী বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে স্থানান্তর করা যেতে পারে।

(গ) যে সকল প্রার্থী ইতোপূর্বে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর / ০৬ (ছয়) বছর / ০৯ (নয়) বছর কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঘ) দুই বা অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তাহা প্রমানিত হলে নিয়োগ প্রাপ্ত উভয়ের চুক্তি বাতিল করা হবে।

(ঙ) অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্তের সম্পর্কিত কেউ অথবা তাদের স্বামী/স্ত্রী গণের রক্তের সম্পকিত কেউ আবেদন করতে পারবেন না।

(চ) প্রাপ্ত আবেদন পত্রসমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পাদন পূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে (On Job Service length) বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালিত হবে ঃ

১। একাধিক প্রার্থীর চাকুরীকাল একই হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) কিংবা মিটার রিডার বা ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে প্রথম যোগদানের তারিখ বিবেচনা করা হবে।

২। চাকুরীকাল এবং উক্ত পদে প্রথম যোগদানের তারিখ একই হলে জন্ম তারিখ অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। অর্থ্যাৎ আগে জন্মগ্রহণকারী জ্যেষ্ঠ হিসাবে বিবেচিত হবেন।

৩। চাকুরীকাল, উক্ত পদে প্রথম যোগদানের তারিখ এবং জন্ম তারিখ একই হলে সেক্ষেত্রে প্রার্থীর আবেদনপত্র মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে গ্রহনের ডায়েরী নম্বরের ক্রমানুযায়ী প্যানেলের ক্রম নির্ধারিত হবে।

(ছ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের জন্য (চুক্তিভিত্তিক) নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন (ইতিপূর্বে তদন্ত করা না হলে) সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার ১/২ কর্মদিবস বিরতি দিয়ে পুনরায় ০৩ (তিন) বছর মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

(জ) নির্বাচিত প্রার্থীগণকে সম্পূর্ণরূপে চুক্তিভিত্তিতে নিয়োগ দেয়া হবে। যা কখনও কোনক্রমেই নিয়মিত করা হবে না।

(ঝ) চুক্তির মেয়াদ উত্তীর্নের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃংখলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত /অপসারিত/ বরখাস্ত / চাকুরীচ্যুত / দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঞ) প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিক ভাবে বরখাস্ত করনসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ট) অত্র পবিসের অন্তর্ভূক্ত ২ (দুই) টি জেলা (মেহেরপুর জেলার- মেহেরপুর সদর, গাংনী, মুজিবনগর উপজেলা এবং চুয়াডাঙ্গা জেলার- চুয়াডাঙ্গা সদর, আলমডাঙ্গা, দামুড়হুদা, জীবননগর উপজেলা) ও কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার আমবাড়িয়া ও মালিহাদ ইউনিয়নে স্থায়ী ভাবে বসবাসকারী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঠ) অসম্পূর্ণ / ভুল আবেদন পত্র বাতিল বলে গন্য হবে।

(ড) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

৯।২।২৬

(স্বদেশ কুমার ঘোষ)
জেনারেল ম্যানেজার

অনুলিপি ঃ-

(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। মাননীয় জেলা প্রশাসক, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৫। মাননীয় পুলিশ সুপার, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৬। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ... পবিস ১/২/৩/৪।
০৮। ডিজিএম, (সদর-কারিগরী/চুয়াডাঙ্গা/আলমডাঙ্গা/গাংনী/জীবননগর) জোনাল অফিস, মেপবিস।
০৯। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/রাজস্ব/এমএস/ওএন্ডএম-সদর/ইএন্ডসি/আইটি), মেপবিস।
১০। এজিএম (ওএন্ডএম-দর্শনা/বামন্দী/মুজিবনগর/কার্পাসডাঙ্গা/হাটবোয়ালিয়) সাব জোনাল অফিস, মেপবিস।
১১। অফিস কপি/মাষ্টার কপি।

৯।২।২৬

(স্বদেশ কুমার ঘোষ)
জেনারেল ম্যানেজার

শেখ হাসিনার উদ্যোগ

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মেহেরপুর-৭১০০।

মুজিব শতবর্ষ

ফরম নং-পমাসপ-১১০-০০২,ভার্সন-০১

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে প্যানেলভূক্তি/নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন ফরম

(বিঃ দ্রঃ সংশ্লিষ্ট শূন্যস্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

জেনারেল ম্যানেজার
মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মেহেরপুর-৭১০০।

(পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি এ ঘরে আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করত হবে)।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-

২. আবেদনকৃত পদের নাম ঃ (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরন ঃ ------------------

৪. নিয়োগ বিজ্ঞপ্তির সূত্র

৫. প্রকাশনার তারিখ

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

(ইংরেজিতে বড় হাতের অক্ষর)

৭. জন্ম তারিখ (............ পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

------/---------/-----------(দিন/মাস/বছর)

৮. মাতার নাম

৯. বয়স (আবেদন দাখিলের শেষ তারিখে)

১০. পিতার নাম

১১. ধর্ম

১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

১৪. টেলিফোন/মুঠোফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা ঃ বিবাহিত/অবিবাহিত (টিক (√) দিন)

১৬. স্থায়ী ঠিকানা ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা

১৭. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা

১৮. প্রার্থী শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	সিজিপিএ/বিভাগ/শ্রেনী		সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর
		সিজিপিএ স্কেল	প্রাপ্ত বিভাগ/শ্রেনী/গ্রেড	

১৯. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

ক্রমিক নং	পবিসের নাম	কর্মকালীন সময়		কত বছর কর্মরত ছিলেন
		হতে	পর্যন্ত	

২০. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

২১. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী) নিম্নের তথ্য প্রদেয় হবে ; (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ।

কর্মরত পবিস এর নাম	পদের নাম	বর্তমান পদে মোট চাকুরী কাল	প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কিনা (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে।	পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদেয় হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড)

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি এবং তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল বা মিথ্যা তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তবে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহন করলে আমি তা মানতে বাধ্য থাকব।

তারিখ

আবেদনকারীর স্বাক্ষর

মোহাঃ জাকির হোসেন
সহকারী জেনারেল ম্যানেজার (মানবসম্পদ) চঃদাঃ
মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি

E:\Moslima\4 03 update -01-02-2021 - Copy.doc